

শিলিগুড়ির মেয়র অশোক ভট্টাচার্যের বিবৃতি

আগামী ২৬শে সেপ্টেম্বর, ২০১৯ ও ২রা অক্টোবর, ২০১৯ থেকে দেশব্যাপি শুরু হতে চলেছে দেশের দুই মহান মনিষী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০০তম এবং মহাত্মা গান্ধীর ১৫০তম জন্ম বার্ষিকী অনুষ্ঠানের সূত্রপাত। শিলিগুড়ি পৌর কর্পোরেশনের উদ্যোগে এই উপলক্ষে বর্ষব্যাপি নানা ধরনের অনুষ্ঠান কর্মসূচী গ্রহণ করতে গঠন করা হয়েছে এই দুই মনিষীর ২০০তম ও ১৫০তম জন্ম বার্ষিকী উদযাপন কমিটি।


এই উদযাপন কমিটির উদ্যোগে প্রথম পর্যায়ে নিম্নলিখিত কর্মসূচী গ্রহণ করা হয়েছে -

২৬শে সেপ্টেম্বর সকাল ৮টায় ভাষা স্মারক স্তম্ভের (বাঘাঘতীন পার্ক) সামনে থেকে শুরু হবে এক শোভাযাত্রা। সকাল ৮.৩০টা থেকে চিলড্রেন পার্কে বিদ্যাসাগরের মূর্তিতে শ্রদ্ধার্পণ ও মাল্যদান।

২৭শে সেপ্টেম্বর বিদ্যাসাগরের ২০০তম জন্ম বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা। এই আলোচনা সভার প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখবেন বিশিষ্ট ভাষাবিদ অধ্যাপক পবিত্র সরকার। অনুষ্ঠানটি হবে রামকিংকর প্রদর্শনি কক্ষে, বিকেল ৪টায়।

২রা অক্টোবর, সকাল ৯টায় পুর ভবন প্রাঙ্গনে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান ও শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক প্রতিষ্ঠানেও নিজ নিজ উদ্যোগে কিছু অনুষ্ঠানের আয়োজন করার জন্যে অনুরোধ করছি।

আমি শহরের মহানাগরিক হিসেবে সর্বস্তরের নাগরিক, ছাত্র-ছাত্রী, শিক্ষা ও ক্রীড়া, সামাজিক প্রতিষ্ঠানের সাথে জড়িত সকলকে উপরোক্ত কর্মসূচীগুলিতে অংশগ্রহণ ও উপস্থিত থেকে শ্রদ্ধার্পণ করার আবেদন জানাই।


অশোক ভট্টাচার্য, MLA
মেয়র, শিলিগুড়ি।